

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯৪৮

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)
পরিচ্ছেদঃ যখন কোন ব্যক্তি অসুস্থ ব্যক্তিকে দেখতে যাবে, তখন তার জন্য মুস্তাহাব হলো অসুস্থ ব্যক্তির মনকে খুশি
করে, এমন কথা বলা

ذِكْنُ مَا يستحبُّ لِلْعُوَّادِ أَنْ يُطَيِّبُوا قُلُوبَ الْأَعِلَّاء عِنْدَ عِيَادَتِهِمْ إِيَّاهُمْ

আরবী

2948 _ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا وَهْبُ بْنُ بَقِيَّةَ قَالَ: أَخْبَرَنَا خَالِدٌ عَنْ خَلْمِ مَةَ: عَنِ ابْنِ عَبَّاسٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ دَخَلَ عَلَى خَالِدٍ عَنْ عِكْرِمَةَ: عَنِ ابْنِ عَبَّاسٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ دَخَلَ عَلَى شَيْخٍ أَعْرَابِي يَعُودُهُ فَقَالَ: (لَا بَأْسَ طَهُورٌ إِنْ شَاءَ اللَّهُ) فَقَالَ: كَلَّا بَلْ حِمَّى تَفُورُ عَلَى شَيْخٍ كَبِيرٍ تُورِدُهُ الْقُبُورَ فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم: (فنعم إذا) كبيرٍ تُورِدُهُ الْقُبُورَ فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم: (فنعم إذا) الراوي: ابْن عَبَّاسٍ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الراوي: ابْن عَبَّاسٍ المحدث: العلامة حكم المحدث: صحيح ابن حبان الصفحة أو الرقم: 2948 ا خلاصة حكم المحدث: صحيح ((مختصر الأدب المفرد)) ((391): خ.

বাংলা

২৯৪৮. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্য়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একবার এক বেদুঈন ব্যক্তিকে অসুস্থ অবস্থায় দেখতে আসেন। তিনি বলেন, اللهُ لَا يَأْسَ طَهُورٌ إِنْ شَاءَ (কোন সমস্যা নেই। আল্লাহ চায় তো সুস্থ হয়ে যাবে)।" তখন সেই ব্যক্তি বললো, "কক্ষনো না। বরং এটা এমন এক জ্বর, যা এই বৃদ্ধের (শরীরকে) সিদ্ধ করে ফেলছে, এটি তাকে কবরে নিয়ে যাবে।" তখন নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "তাহলে সেটাই হোক।"[1]

ফুটনোট

[1] সহীহুল বুখারী: ৫৬২২; তাবারানী: ১১/১১৯৫১; আদাবুল মুফরাদ: ৫২৬; সুনান বাইহাকী: ৩/৩৮২-৩৮৩; বাগাবী: ১৪১২।



আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (মুখতাসার আদাবুল মুফরাদ: ৩৯১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন